

B.A. 3rd Semester (Honours) Examination, 2021 (CBCS)

বাংলা (সাম্মানিক)

Course – CC-6

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রদত্তমানের নির্দেশক

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময় – তিন ঘণ্টা

পূর্ণমান - ৬০

উত্তরপত্র সর্বাধিক পনেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

১. নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও :

৬x৫=৩০

- ক) সংস্কৃত ও প্রাকৃত ভাষার সঙ্গে বাংলা ভাষার সম্পর্কের পরিচয় দাও।
- খ) প্রাচীন বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- গ) আধুনিক বাংলা ভাষার সাধারণ লক্ষণগুলির পরিচয় দাও।
- ঘ) উদাহরণসহ বঙ্গলী উপভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- ঙ) বাংলা শব্দভাণ্ডারের তদ্ভব শব্দ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- চ) ধ্বনি পরিবর্তনের ভৌগোলিক কারণগুলি উল্লেখ করো।
- ছ) সার্থক বাংলা বাক্যগঠনের সূত্রগুলি আলোচনা করো।
- জ) উদাহরণসহ অপিনিহিতি ও অভিশ্রুতির বৈশিষ্ট্য আলোচনা করো।

২. নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও:

৩ x ১০ = ৩০

- ক) ধ্বনির উচ্চারণস্থান অনুসারে ব্যঞ্জনবর্ণের শ্রেণিবিভাগ আলোচনা করো।
- খ) উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের কারণগুলি আলোচনা করো।
- গ) মধ্যযুগের সময়সীমা উল্লেখসহ অন্ত্যমধ্যযুগের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- ঘ) রাঢ়ী উপভাষা সম্বন্ধে আলোচনা করো।
- ঙ) স্বরাগম ও ব্যঞ্জনলোপ কাকে বলে? এই প্রক্রিয়া দুটি উদাহরণসহ বুঝিয়ে দাও।